132
দৈনিক জনকণ্ঠ

তারিখ 09 AUG 1997
পৃষ্ঠা 4 কলাম 6

ঢাকা বিশ্ববিদ্যালয়

# শিক্ষকের অভাবে আইন বিভাগে অচলাবস্থা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগে শিক্ষকের অভাবে অচল অবস্থা সৃষ্টি হয়েছে। শিক্ষকের অভাবে ১০টি কোর্স কমিয়ে ৭টি করা হয়েছে। শিক্ষক নিয়োগের জন্য বিজ্ঞাপন দেয়া হলেও বিভাগীয় চেয়ারম্যান এবং আইন অনুষদের ডিনের গড়িমসির কারণে বিষয়টি দীর্ঘদিন ঝুলে আছে বলে অনুষদ সূত্রে জানা গেছে।

সূত্র জানায়, দীর্ঘ ৪ বছর যাবত আইন বিভাগে শিক্ষক নিয়োগ দেয়া হয়নি। গত ২২ জুন বিভাগের উন্নয়ন ও সমন্বয় (সিএ্যান্ডডি) কমিটির সভায় পাঁচটি শূন্য পদে শিক্ষক নিয়োগের বিজ্ঞাপন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। গত জুলাই ছিল আবেদনপত্র গ্রহণের শেষ দিন। ১৪ জুলাই ১৯টি আবেদনপত্র রেজিস্ট্রারের দফতর থেকে বাছাই করার জন্য আইন বিভাগে পাঠানো হয়। নিয়ম অনুযায়ী এক সপ্তাহের মধ্যে এগুলো বাছাই করে রেজিস্ট্রারের দফতরে পাঠানোর কথা। কিন্তু রহস্যজনক কারণে বিভাগেই পড়ে আছে আবেদনগুলো। এমনকি গত ১৭ ও ২১ জুলাই আইন বিভাগের দু'টি সিএ্যান্ডডি কমিটির সভা হওয়া সত্ত্বেও আবেদনগুলোর ব্যাপারে কোন এজেন্ডা গ্রহণ করা হয়নি। এগুলো রেজিস্ট্রার অফিসে পাঠানোর জন্য উপাচার্যের অফিস থেকে আইন বিভাগের চেয়ারম্যানের কাছে চিঠি পাঠানো হলেও কোন সাড়া পাওয়া পায়নি।

সূত্র জানায়, ডিন নির্বাচন সামনে থাকায় শিক্ষক নিয়োগের বিষয়টি ঝুলিয়ে রাখা হয়েছে। আইন বিভাগের জামায়াতপন্থী একজন প্রভাবশালী শিক্ষক বিভাগে তাঁর প্রভাব ও কর্তৃত্ব বজায় রাখতে চান।